

মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

বাগজান, মুলজান, মানিকগঞ্জ
ISO 9001:2008,2015 CERTIFIED



নিলাম বিজ্ঞপ্তি

মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর নিম্নবর্ণিত মালামাল যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায় নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অজ্ঞাহী ব্যক্তি/প্রতিষ্ঠান/ঠিকাদারের নিকট হতে সাদা কাগজে/নিজস্ব লেটার হেড প্যাডে মোবাইল নম্বর, ই-মেইল ঠিকানা সহ বিস্তারিত ঠিকানা ও স্বাক্ষরসহ সীল মোহরকৃত খামে নিলাম দরপত্র আহ্বান করা যাচ্ছে।

গ্রুপ	মালামালের বিবরণ	পরিমাণ
গ্রুপ-ক	হার্ডওয়্যার মালামাল সহ লৌহ জাতীয় মালামাল	১৫.৪৪৯কেজি
গ্রুপ-খ	এনালগ মিটার (১ ফেজ)	৫.০৬৩টি
গ্রুপ-গ	ডিজিটাল মিটার (১ ফেজ ও ৩ ফেজ)	১৬.১৯২টি
গ্রুপ-ঘ	১১/৩৩ কেভি সিটি/পিটি	১৫টি
	মেগার, ১০০০ ভোল্ট (এনালগ)	০১টি
	ট্রান্সফরমার তেলের ড্রাম	৬০টি
	প্রাস্টিক রীল	৪৩০টি
	সোলার ব্যাটারী, ১০০ এ্যা:	০২টি
সোলার ব্যাটারী, ৬৫ এ্যা:	০৬টি	

শর্তাবলীঃ

- ০১। অজ্ঞাহী দরদাতাগণ আগামী ১৬/১০/২০২৩ খ্রিঃ তারিখ রোজ সোমবার দুপুর ১১ঃ০০ ঘটিকার মধ্যে সীল মোহরকৃত দরপত্র মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির এর মুলজানস্থ সদর দপ্তরে রক্ষিত টেন্ডার বাগ্জে অথবা পরিচালক, পবিসু মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন, নিকুঞ্জ-২, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এ রক্ষিত টেন্ডার বাগ্জে দাখিল করতে পারবেন। নির্ধারিত সময়ের পর কোন নিলাম দরপত্র গ্রহণ করা হবে না। দরদাতাগণকে অবশ্যই খামের উপর "নিলাম দরপত্র" কথাটি উল্লেখ করতে হবে। প্রাপ্ত দরপত্রসমূহ একইদিন বেলা ১১ঃ০৫ ঘটিকায় সংশ্লিষ্ট দপ্তরে দরদাতার উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০২। যে কোন দরদাতা এক বা একাধিক বা সকল গ্রুপে অংশগ্রহণ করতে পারবেন। তবে গ্রুপের মধ্যে আংশিক কোন মালামালের জন্য অংশগ্রহণ করা যাবে না। প্রতিটি গ্রুপের জন্য আলাদা আলাদা করে দর দাখিল করতে হবে এবং দাখিলকৃত দর আলাদা আলাদাভাবে মূল্যায়ন করা হবে এবং প্রতিটি গ্রুপের বিপরীতে রেসপনসিভ সর্বোচ্চ দরদাতার অনুকূলে কার্যাদেশ প্রদান করা হবে।
- ০৩। নির্ধারিত সর্বনিম্ন নিলাম মূল্যের নীচে কোন দর বিবেচনা করা হবে না।
- ০৪। নিলামে উদ্ধৃত দরের কমপক্ষে ২৫% (পঁচিশ) হারে আর্নেস্টম্যানি হিসাবে "মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি" শিরোনামে যে কোন তফসীলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে নিলাম দরপত্রের সহিত জমা দিতে হবে। এক্ষেত্রে অবশ্যই প্রতিটি গ্রুপের মালামালের জন্য আলাদাভাবে আর্নেস্টম্যানি এবং আলাদা আলাদাভাবে দর দাখিল করতে হবে, অন্যথায় নিলাম দরপত্র বিবেচনা করা হবে না।
- ০৫। কৃতকার্য দরদাতাকে মোট উদ্ধৃত দরের উপর সরকারি নিয়মানুযায়ী ভ্যাট ও উৎসে করসহ সমুদয় মূল্য পরিশোধ সাপেক্ষে নিজ ব্যয়ে মালামাল গ্রহণ করতে হবে।
- ০৬। কৃতকার্য নিলাম দরদাতাকে দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর ১৫ (পনের) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর শতাংশ) মূল্য এবং সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও উৎসে করসহ অন্যান্য অর্থ নগদ/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে পরিশোধপূর্বক মালামাল বুঝে নিতে হবে। অন্যথায় কার্যাদেশ বাতিলসহ জামানতের সমুদয় অর্থ বাজেয়াপ্ত করা হবে। অকৃতকার্য নিলাম দরদাতাদের আর্নেস্টম্যানি নিয়মানুযায়ী ফেরত প্রদান করা হবে।
- ০৭। মালামাল সমূহ ১৫/১০/২০২৩ খ্রিঃ তারিখ রোজ রবিবার পর্যন্ত প্রতিদিন অফিস চলাকালীন সময়ে অত্র অফিস এর সদর দপ্তরে পরিদর্শন করা যাবে।
- ০৮। কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন অথবা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।
- ০৯। শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

মোঃ সুলতান নাছিমুল হক
সিনিয়র জেনারেল ম্যানেজার
মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি